# ক্রমঃ ৬৯ আল-ক্বদির ٱلْقَادِرُ

## অর্থ

সর্বশক্তিমান, মহা ক্ষমতাধর

## English

 Al-Qadir
- The One attributed with Power.
- The Able, the Capable, the Omnipotent.

## ব্যাখ্যা

> ٱلْقَادِرُ| আল-কাদীর (মহা ক্ষমতাধর)[1]: | Al-Qdir | The Omnipotent

আল-কাদীর হলেন যিনি পূর্ণ ক্ষমতার অধিকারী, তাঁর কুদরতে তিনি সমস্ত সৃষ্টিজগত সৃষ্টি করেছেন, তাঁর কুদরতে তিনি এগুলো পরিচালনা করেন, তাঁর কুদরতেই তিনি এগুলো সুঠাম করেছেন, তাঁর কুদরতে তিনি তাদেরকে জীবিত করেন ও মৃত্যু দান করেন, বান্দাকে কিয়ামতের দিনে পুরস্কার দেওয়ার জন্য পুনরায় জীবিত করবেন, তাঁর ইহসানে তিনি সৎকর্মশীলকে পুরস্কার দিবেন এবং অসৎকর্মশীলকে শাস্তি দিবেন। তিনি এমন সত্ত্বা যিনি যা ইচ্ছা করেন তাকে শুধু বলেন, হয়ে যাও, ফলে তা হয়ে যায়। তাঁর কুদরতেই তিনি অন্তরসমূহকে পরিবর্তন করেন এবং তিনি যাকে যেভাবে চান সেভাবে পরিবর্তন করেন।[2]

---

[1] আল্লাহ তা‘আলা বলেছেন,

﴿وَٱللَّهُ قَدِيرٌ وَٱللَّهُ غَفُورٌ رَّحِيمٌ٧﴾ [الممتحنة : ٧]

“আর আল্লাহ সর্ব শক্তিমান এবং আল্লাহ অতিশয় ক্ষমাশীল, পরম দয়ালু।” [সূরা আল-মুমতাহিনা, আয়াত: ৭]

[2] আত-তাফসীর, ৫/৬২৪-৬২৫।

---

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=69

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন